# আপনার শিশুর জেনারেল অ্যানেস্থেটিক

একজন শিশু বা যুবক যখন জেনারেল অ্যানেস্থেটিক দিয়ে অপারেশন করার জন্য হাসপাতালে ভর্তি হয় তখন কী আশা করা উচিত তা এই লিফলেটটি ব্যাখ্যা করে। অ্যানেস্থেটিস্টরা রোগীর প্রতিনিধি, অভিভাবক এবং পরিচর্যাকারীদের সাহায্য নিয়ে এটি লিখেছেন।

## বিষয়বস্তু

এই লিফলেট ব্যাখ্যা করে:

- যে দল আপনার সন্তানের দেখাশোনা করবে এবং অ্যানেস্থেশিয়া সম্পর্কে সাধারণ তথ্য
- আপনার সন্তানকে কীভাবে একটি অপারেশনের জন্য প্রস্তুত করতে হবে
- শিশু এবং যুবকদের জন্য প্রয়োজনীয় তথ্য কোথায় পাবেন
- অপারেশনের আগে কী হয়
- অপারেশনের দিনে কী হবে
- অপারেশনের পর কী হবে
- ঝুঁকি ও সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ

## অ্যানেস্থেশিয়া সম্পর্কিত তথ্য

জেনারেল অ্যানেস্থেশিয়া নিশ্চিত করে যে অপারেশন বা প্রক্রিয়া চলাকালীন আপনার সন্তান গভীর ঘুমের পর্যায়ে এবং ব্যথা মুক্ত থাকবে।

অ্যানেস্থেটিক হল এমন ওষুধ যা অ্যানেস্থেশিয়া শুরু করতে এবং তা বজায় রাখতে ব্যবহৃত হয়।

- কিছু কিছু অ্যানেস্থেটিক পদ্ধতি ক্যানুলা নামের একটি প্লাস্টিক টিউব ব্যবহার কোরে ওষুধ শিরায় প্রবেশের মাধ্যমে শুরু হয়।
- অন্যান্য অ্যানেস্থেটিক মুখ এবং নাকের উপর একটি মাস্ক লাগিয়ে গ্যাস হিসেবে শ্বাসক্রিয়া নেওয়ার মাধ্যমে শুরু হয়। একটি ক্যানুলা সাধারণত আপনার সন্তান অচেতন থাকাকালীন প্রবেশ করানো হবে।
- গ্যাস হিসেবে শ্বাস নেওয়া বা ক্যানুলার মাধ্যমে অ্যানেস্থেটিক দেওয়া, বা দুটির সমন্বয়ে অ্যানেস্থেটিকটি অব্যাহত রাখা যেতে পারে।

অ্যানেস্থেটিস্টরা হলেন বিশেষজ্ঞ চিকিৎসক যারা অ্যানেস্থেটিক প্রয়োগ করেন এবং সার্জারি চলাকালীন ও রিকভারির সময় আপনার সন্তানের স্বাস্থ্যের প্রতি নজর রাখেন। এছাড়াও আপনার সন্তানের সার্জারির পর বেদনা মুক্তির ক্ষেত্রে তারা ঘনিষ্ঠভাবে জড়িত।

# প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিক/টেলিফোন স্ক্রিনিং

## সার্জারির আগের দিন আপনার সন্তানের স্বাস্থ্য এবং ওষুধের বিষয়ে বিস্তারিত জানতে হাসপাতালের একজন নার্স আপনাকে ফোন করতে পারেন। এটি তাদেরকেও অপারেশনের আগের দিন প্রয়োজনে অতিরিক্ত পরীক্ষা বা সরঞ্জামের ব্যবস্থা করার সুযোগ দেয়।

অনেক হাসপাতাল, দীর্ঘদিনের অসুস্থতা অথবা বড় ধরনের সার্জারি করা হয়েছে এমন শিশুদের একটি প্রিঅপারেটিভ অ্যাসেসমেন্ট ক্লিনিকে যোগদানের জন্য আমন্ত্রণ জানাবে। এখানে তারা আপনার সন্তানের স্বাস্থ্য, ওষুধ এবং অ্যালার্জি সম্পর্কে জিজ্ঞাসা করবে। তারা সার্জারির আগে যেকোনো ধরনের ইনফেকশন যাচাই করার জন্য ত্বক (ত্বকে নরম তুলা পেঁচানো কাঠি দিয়ে আলতোভাবে ঘষা হবে) থেকে একটি সোয়াব নিবে এবং প্রয়োজনীয় যে কোনো রক্ত পরীক্ষা করবে।

আপনি একজন অ্যানেস্থেটিস্টের সাথেও দেখা করতে পারেন যিনি অ্যানেস্থেটিকের বিকল্প এবং যেকোনো নির্দিষ্ট ঝুঁকি নিয়ে আলোচনা করতে পারেন। অ্যানেস্থেটিস্ট বা প্রাক-মূল্যায়নকারী নার্স সাধারণত আপনার কাছে আপনার সন্তানের অ্যানেস্থেটিক বা ইনজেকশন নিয়ে আগের অভিজ্ঞতার বিষয়ে জানতে চাইবেন। বেশিরভাগ সময়েই চিকিৎসাগত কারণে এক ধরনের অ্যানেস্থেটিক অন্যটির চেয়ে ভালো হতে পারে। তারা আপনার সাথে আলোচনা করবেন যে তারা কীভাবে অ্যানেস্থেটিকটি শুরু করার পরামর্শ দিচ্ছেন এবং এর কারণগুলি কী কী।

আপনার সাথে আলোচনার পর, একটি সম্মত পরিকল্পনা স্থির করা হবে। কখনও কখনও অপারেশনের দিন আপনার সন্তানের প্রতিক্রিয়া এবং সাড়ার উপর নির্ভর করে পরিকল্পনাটি পরিবর্তন করতে হতে পারে।

আপনি সার্জারির দিন বা তার আগে যেকোনো সমস্যার বিষয়ে জানাতে পারবেন।

## আপনার সন্তানকে প্রস্তুত করা

আপনার সন্তানকে হাসপাতালে ভর্তির প্রস্তুতির জন্য বিভিন্ন উপায় আছে যেগুলির সাহায্য আপনি নিতে পারেন। আপনার সন্তান বেশি ছোট না হলে আপনাকে অবশ্যই চেষ্টা এবং ব্যাখ্যা করতে হবে:

- যে তাকে হাসপাতালে ভর্তি হতে হবে
- যে তার একটা অপারেশন বা পরীক্ষা করা হবে
- তারা হাসপাতালে থাকা অবস্থায় তাদের কী কী হতে পারে সে সম্পর্কে কিছু সাধারণ তথ্য।

প্রতিটি শিশুর ক্ষেত্রে এই তথ্য দেওয়ার সঠিক সময়টি ভিন্ন হয়ে থাকে। প্রি-স্কুলের শিশুদের হয়তো ঠিক আগের দিন জানানো উচিত। একটু বড় শিশুদের আরও সময় প্রয়োজন হতে পারে।

বিভিন্ন বয়সের বাচ্চাদের জন্য আমাদের ওয়েবসাইটে বিভিন্ন ভাষায় লিফলেটটির কপি উপলভ্য রয়েছে যা আপনি এখানে পাবেন: www.rcoa.ac.uk/patientinfo/translations#languages। আরও তথ্য গ্রেট ব্রিটেন এবং আয়ারল্যান্ডের শিশুদের (পেডিয়াট্রিক) অ্যানেস্থেটিস্টদের অ্যাসোসিয়েশনে উপলভ্য রয়েছে: www.apagbi.org.uk/children-and-young-people

কিছু কিছু হাসপাতাল অপারেশানের আগের দিন আপনাকে এবং আপনার সন্তানকে শিশুদের সার্জিক্যাল ওয়ার্ড বা অ্যানেস্থেটিক রুমটি ঘুরে দেখার সুযোগ দিয়ে থাকে। আপনার সন্তানকে প্রস্তুত করার এবং উদ্বেগ কমাতে সাহায্য করার এটি একটি ভালো উপায়। কিছু হাসপাতাল বিভিন্ন অ্যাপ এবং ভিডিওর মাধ্যমে ভার্চুয়ালভাবে দেখার সুযোগ দিয়ে থাকে।

অনেক হাসপাতালে একটি প্লে-থেরাপি দল আছে যারা খেলার মাধ্যমে ব্যাখ্যা করতে এবং আলোচনায় উৎসাহিত করতে পারে।

## আপনার সন্তানকে কী বলবেন

- বুঝিয়ে বলুন যে অপারেশন বা পরীক্ষাটি আপনার সন্তানের সুস্থ হয়ে উঠা বা বর্তমান শারীরিক অবস্থার উন্নতি করতে সাহায্য করবে।
- অপারেশন সম্পর্কে কথা বলতে এবং প্রশ্ন করতে আপনার সন্তানকে উৎসাহিত করুন। বই, গেমস এবং গল্প এসব ক্ষেত্রে সাহায্য করতে পারে।
- সময়ের বিষয়ে আপনার সন্তানকে জানান। কখন তাদের অপারেশন বা পরীক্ষা করা হবে? তাদেরকে কতক্ষণ হাসপাতালে থাকতে হতে পারে (এটি যদি আপনি জানেন)?
- আপনার সন্তানকে রাতে হাসপাতালে থাকতে হলে আপনি তার সাথে থাকতে পারবেন কিনা তা জানান। এটা সম্ভব কিনা এই বিষয়ে যদি আপনি অনিশ্চিত থাকেন, তাহলে নিশ্চিত হওয়ার জন্য হাসপাতালে ফোন করতে পারেন।

## হাসপাতালে কী কী নিয়ে যেতে হবে

আপনার নার্স আপনাকে পরামর্শ দিতে পারেন যে আপনাকে কী কী হাসপাতালে নিয়ে আসতে হবে, কিন্তু যেগুলি অবশ্যই আনবেন:

- যে কোনো দৈনন্দিন ওষুধ যা আপনার সন্তান সাধারণত নিয়ে থাকে তা আসল প্যাকেজিংয়ের মধ্যেই নিয়ে আসবেন
- পায়জামা, হাওয়াই চপ্পল, অতিরিক্ত জামাকাপড়, অতিরিক্ত আন্ডারওয়্যার বা ন্যাপি
- টুথব্রাশ, টুথপেস্ট, চিরুণি এবং বাথরুমের প্রয়োজনীয় জিনিসপত্র
- একটি প্রিয় পুতুল বা খেলনা
- একটি বই বা আঁকার জন্য খাতা
- চার্জার এবং হেডফোনসহ মোবাইল ফোন এবং ইলেকট্রনিক ডিভাইস।

বাচ্চারা সাধারণত কী কী আনবে তা নির্বাচন করতে উৎসাহী থাকে, কিন্তু একাধিক খেলনা অন্তর্ভুক্ত করবেন না, কারণ হাসপাতাল থেকেও অনেক সময়ে বিভিন্ন খেলনা এবং কার্যক্রম প্রদান করা হয়ে থাকে।

## সার্জারির ঠিক আগে অসুস্থ বোধ হচ্ছে?

আপনার সন্তানের অপারেশনের আগে দুই সপ্তাহের মধ্যে উল্লেখযোগ্য সর্দি বা কাশি হলে, বা অপারেশনের কিছুদিন আগে ডাইরিয়া বা বমি হয়ে থাকলে, আপনার অবশ্যই হাসপাতালে ফোন করে জানানো উচিত। আপনার সন্তান ভালো না হওয়া পর্যন্ত অপারেশন পিছিয়ে দেওয়ার প্রয়োজন হতে পারে।

শিশুদের কাশি এবং সর্দি, বিশেষ করে খুব ছোটো শিশুদের ক্ষেত্রে, অ্যানেস্থেটিক দেওয়া অবস্থায় বেশিরভাগ সময় শ্বাসক্রিয়ায় জটিলতা তৈরি হতে পারে। এগুলি শিশুদের বুকে ইনফেকশন হওয়ার ঝুঁকি বাড়িয়ে তুলতে পারে। তাই আপনার সন্তান অসুস্থ হয়ে থাকলে হাসপাতালের কর্মীদের জানানো জরুরী।

এছাড়াও, সাম্প্রতিক সময়ে আপনার সন্তান চিকেন পক্স, হাম বা অন্য কোনও ইনফেকশনের সংস্পর্শে এসে থাকলে দয়া করে হাসপাতালের কর্মীদের তা জানান।

সম্প্রতি টিকা নেওয়া শিশুদের জন্য সাধারণত অ্যানেস্থেটিক নেওয়া কোনো সমস্যা নয়, যদি না সার্জারির ঠিক আগে তাদের শরীরের তাপমাত্রা বেশি বেড়ে যায়, সেক্ষেত্রে কখনও কখনও সার্জারি পিছিয়ে দেওয়াই ভাল। এই ধরণের ঘটনা খুব একটা ঘটে না, তাই আমরা অভিভাবকদের পরিকল্পনা অনুযায়ী

টিকা দেয়ার পরামর্শ দেই এবং পূর্বপরিকল্পিত সার্জারির কারণে টিকাদান স্থগিত না করার পরামর্শ দিয়ে থাকি।

# ঝুঁকি এবং সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ

আধুনিক অ্যানেস্থেটিকের ক্ষেত্রে গুরুতর সমস্যাগুলো সাধারণত ঘটা অস্বাভাবিক। বেশিরভাগ শিশু দ্রুত সুস্থ হয়ে উঠে এবং অপারেশন ও অ্যানেস্থেটিকের পর শীঘ্রই তাদের স্বাভাবিক অবস্থায় ফিরে আসে। অনেক শিশুরই অসুস্থ বোধ বা গলা ব্যথা হতে পারে। এগুলি সাধারণত স্বল্প সময়ের জন্য স্থায়ী থাকে। বমি এবং অসুস্থতার ওষুধ সহজেই পাওয়া যায় এবং প্রায়শই এগুলো দেওয়া হয়।

আমাদের ওয়েবসাইটে একটি জেনারেল অ্যানেস্থেটিক নেওয়া শিশু এবং কমবয়সীদের **অ্যানেস্থেশিয়ার সাধারণ বিষয় এবং ঝুঁকি** সংক্রান্ত অধিক তথ্য পাওয়া যাবে যা বিভিন্ন ভাষায় এখানে উপলভ্য রয়েছে: www.rcoa.ac.uk/patientinfo/translations#languages

## সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ

সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ নিশ্চিত করে যে রোগীরা নিজেদের জন্য সঠিক সিদ্ধান্ত নিতে সমর্থন পাচ্ছে। এটি একটি সহযোগিতামূলক প্রক্রিয়া যার মাধ্যমে একজন চিকিৎসক রোগীকে নিজের চিকিৎসার বিষয়ে সিদ্ধান্ত নিতে সহায়তা করেন।

এই আলোচনাটি একত্রিত করে:

- চিকিৎসকের দক্ষতা যেমন বিকল্প চিকিৎসা, প্রমাণ, ঝুঁকি এবং সুবিধাসমূহ
- রোগী যা সবচেয়ে ভালো জানেন : নিজের পছন্দ, ব্যক্তিগত পরিস্থিতি, লক্ষ্য, মূল্যবোধ এবং বিশ্বাস।

আরও জানতে দেখুন: www.england.nhs.uk/personalisedcare/shared-decision-making

এখানে কিছু সংস্থান ব্যবহার কোরে আপনি অ্যানেস্থেটিস্ট বা অপারেশনের পূর্বে মূল্যায়ন কর্মীর সাথে আলোচনার সময়টুকু সর্বোত্তমভাবে কাজে লাগাতে পারেন:

### চুজিং ওয়াইজলি ইউকে বিআরএএন ফ্রেমওয়ার্ক

চিকিৎসা সম্পর্কিত কী কী প্রশ্ন করবেন মনে রাখতে এটি ব্যবহার করুন।
https://bit.ly/CWUK_leaflet

### এনএইচএস আস্ক থ্রি কোয়েশ্চেন্স

আপনার স্বাস্থ্যসেবার ব্যাপারে বিভিন্ন সিদ্ধান্ত নিতে হতে পারে।
https://bit.ly/NHS_A3Qs

### দি সেন্টার ফর পেরিঅপারেটিভ কেয়ার (সার্জারির পরিকল্পনার সময় থেকে সম্পূর্ণ সেরে ওঠা পর্যন্ত যত্ন)(সিপিওসি)

সম্মিলিত সিদ্ধান্ত গ্রহণ ব্যাখ্যা করার জন্য সিপিওসি (CPOC) একটি অ্যানিমেশন তৈরি করেছে।
www.cpoc.org.uk/shared-decision-making

# আপনার সন্তানের অপারেশনের দিন

## আপনার সন্তানকে কখন খাবার খাওয়ানো ও জল পান করানো বন্ধ করতে হবে সে বিষয়ে হাসপাতাল আপনাকে সুস্পষ্ট নির্দেশনা প্রদান করবে। আপনার এবং আপনার সন্তানের জন্য এই নির্দেশাবলী অনুসরণ করা গুরুত্বপূর্ণ।

অ্যানেস্থেটিক চলাকালীন আপনার শিশুর পেটে যদি কোনো খাবার বা জল থাকে তবে তা গলার পিছনে এবং ফুসফুসেও চলে যেতে পারে। আপনার সন্তান খুব সাম্প্রতিক সময়ে খাবার খেয়ে থাকলে অপারেশনটি বিলম্বিত বা অন্য দিনের জন্য স্থগিত করা হবে।

খাবার ও পানীয় ছাড়া প্রয়োজনের চেয়ে বেশি অপেক্ষা করতে না হলেই শিশুরা অনেক বেশি স্বাচ্ছন্দ্য বোধ করে। কিছু কিছু হাসপাতাল শিশুদের আগমনের সময়ে পান করতে সম্মতি দেয় বা অনুপ্রাণিত করে।

গুরুতর নয় এমন সার্জারির আগে আপনি আপনার শিশুকে নিম্নলিখিত সময় অনুযায়ী কিছু খেতে বা পান করতে দিতে পারেন যা সাধারণভাবে সম্মত, তবে আপনাকে হাসপাতালের দেয়া নির্দেশাবলী অনুসরণ করতে হবে, কারণ এগুলি ভিন্ন হতে পারে।

- আপনার শিশু সার্জারির ছয় ঘণ্টা আগে হালকা খাবার এবং/অথবা এক গ্লাস দুধ পান করতে পারে। এরপর তারা অবশ্যই মিষ্টি জাতীয় খাবারসহ অন্যান্য যেকোনো খাবার আর খাবে না এবং তাদের চুইংগাম এড়িয়ে চলা উচিত।
- বুকের দুধ পানকারী শিশুরা সার্জারির চার ঘণ্টা আগে পর্যন্ত বুকের দুধ খেতে পারবে।
- বোতলে খাবার খায় এমন শিশুদেরকে সার্জারির ছয় ঘন্টা আগ পর্যন্ত ফর্মুলা দুধ খাওয়ানো যেতে পারে (খুব ছোট বা প্রিম্যাচিউর বেবিদের ক্ষেত্রে কোনও ভিন্ন নির্দেশাবলীর জন্য আপনার হাসপাতালের সাথে যোগাযোগ করুন)।
- শিশুদের সার্জারির এক ঘণ্টা আগে পর্যন্ত জল পান বা খুব পাতলা কোরে লাউজাতীয় তরকারির সুপ খাওয়ানো চালিয়ে যাওয়া উচিত। এটি তাদেরকে হাইড্রেটেড থাকতে এবং আরাম পেতে সহায়তা করে।

আপনার সন্তানের সার্জারির দিন নির্দেশনা অনুযায়ী ওষুধ নেওয়া উচিত।

হাসপাতালে আসার পর আপনার সন্তানের ওজন ও উচ্চতা পরিমাপ করা হবে (যদি না এটি আগের কোনও অ্যাপয়েন্টমেন্টে করা হয়ে থাকে)। একজন নার্স তাদের তাপমাত্রা, পালস এবং শ্বাসক্রিয়ার হার দেখবেন এবং তাদের অক্সিজেনের মাত্রা এবং রক্তচাপ পরিমাপ করবেন।

12 বছর বয়সের বেশি যেকোনো মেয়ের প্রস্রাবের নমুনা সংগ্রহ করে গর্ভাবস্থা পরীক্ষা করা একটি মানসম্মত পদ্ধতি। আরও তথ্য এখানে পাওয়া যাবে:
https://bit.ly/NHS-Leaflet

নার্স ওষুধ এবং অ্যালার্জির বিষয়ে জিজ্ঞাসা করবেন এবং আপনার সন্তানের কব্জি বা গোড়ালিতে পরিচয়ের সুবিধার জন্য দুটি ব্যান্ড (আইডেন্টিটি ব্যান্ড) লাগিয়ে দিবেন। যদি আপনার সন্তানের কোনো ধরনের অ্যালার্জি থাকে তাহলে কিছু কিছু হাসপাতালে তাদেরকে একটি অতিরিক্ত ব্যান্ড বা আলাদা রঙের আরেকটি ব্যান্ড লাগিয়ে দেয়া হয়।

আপনার সন্তানের অ্যানেস্থেটিক বিষয়ে আলোচনার জন্য এই প্রক্রিয়ার আগে একজন অ্যানেস্থেটিস্ট আপনার সাথে দেখা করবেন।

আপনার সন্তানের সাধারণ স্বাস্থ্য সম্পর্কে অ্যানেস্থেটিস্টের জানা প্রয়োজন, যার মধ্যে রয়েছে:

- পূর্বে অ্যানেস্থেশিয়া নেওয়ার অভিজ্ঞতা
- যে কোন ওষুধ যা আপনার সন্তান গ্রহণ করছে
- যে কোনো ধরনের অ্যালার্জি তাদের আছে কিনা

- সাম্প্রতিক যেকোনো ধরনের কফ, সর্দি-কাশি বা ডায়রিয়া ও বমি হয়েছে কিনা।

যদি আপনার সন্তান বা পরিবারের অন্যান্য সদস্যদের অতীতে অ্যানেস্থেটিক গ্রহণে কোনো অসুবিধা হয়ে থাকে এবং এই বিষয়ে যেকোনো তথ্য আপনার বা আপনার আত্মীয়ের কাছে থাকলে তা অ্যানেস্থেটিস্টের কাছে নিয়ে আসা সত্যিই গুরুত্বপূর্ণ।

অ্যানেস্থেটিকের ব্যাপারে আপনার বা আপনার সন্তানের যেকোনো দুশ্চিন্তা নিয়ে কথা বলার এটাই উপযুক্ত সময়। আপনি যা যা জানতে চান সেই সমস্ত প্রশ্নের একটি তালিকা তৈরি করলে তা আপনার জন্য সহায়ক হতে পারে।

আপনার সন্তানের সার্জারির ধরণের ওপর ভিত্তি করে, অ্যানেস্থেটিস্ট আপনার সন্তানের ঘুমন্ত অবস্থায় নার্ভ অর্থাৎ স্নায়ুগুলিকে লোকাল অ্যানেস্থেটিক দিয়ে অবশ করে দিতে পারেন যা পরে আপনার সন্তানের বেদনা মুক্তির সহায়ক হয়।

তাদের অতিরিক্ত ড্রিপ বা ক্যানুলা ব্যবহার করার প্রয়োজন হতে পারে। এটি করার কারণ এবং এই সরঞ্জামটির গুরুত্ব সম্পর্কে তারা আপনার সাথে আলোচনা করবেন যেন ঘুমন্ত অবস্থায় আপনার সন্তান নিরাপদ থাকে এবং জেগে উঠলে আরামদায়ক বোধ করে।

## অপারেশন বা ইনভেস্টিগেশনে বিলম্ব

অনেক সময় আপনার সন্তানের অ্যাসেসমেন্টের সময় অ্যানেস্থেটিস্ট তার সম্পর্কে এমন কিছু জানতে পারেন যার কারণে ঐ দিনে কাজটি না করাই ভালো হবে। যদি এমনটি ঘটে থাকে তবে তাঁরাই পরামর্শ দেবেন যে কখন প্রক্রিয়াটি এগিয়ে নেওয়া নিরাপদ হবে।

## প্রিমেডিকেশন ('প্রি-মেড')

এটি এমন যেকোনো ওষুধের নাম যা অ্যানেস্থেটিকের আগে দেওয়া হয়ে থাকে।

আপনার সন্তানের আরামের জন্য অ্যানেস্থেটিস্ট সিডেটিভ জাতীয় ওষুধ দেওয়ার বিষয়ে আলোচনা করতে পারেন। তবে এগুলি নিয়মিত দেওয়া হয় না, কারণ এই জাতীয় ওষুধ অপারেশনের পরে শিশুদেরকে তন্দ্রাচ্ছন্ন করে তুলতে পারে। প্রি-মেড হিসেবেও বেদনা মুক্তির ওষুধ দেওয়া যেতে পারে বা হাঁপানির মতো রোগের জন্য অ্যানেস্থেটিস্ট অতিরিক্ত চিকিৎসার পরামর্শ দিতে পারেন।

বেশিরভাগ প্রি-মেড তরল ওষুধ হিসেবে মুখে খাওয়ানো হয়, কিন্তু কিছু হাসপাতাল অন্যান্য পদ্ধতি ব্যবহার করতে পারে।

## লোকাল অ্যানেস্থেটিক ক্রিম

প্রায় সব শিশুদের হাতের পেছনে অবশকারী ক্রিম লাগানো হবে এবং পরিষ্কার ড্রেসিং দিয়ে ঢেকে দেওয়া হবে। এটি একটি লোকাল অ্যানেস্থেটিক ক্রিম যা কাজ করতে 30–60 মিনিট সময় নেয়।

এই ক্রিমটি আপনার সন্তানের হাত বা বাহুতে ক্যানুলার তীব্র ব্যথা কমিয়ে দেয়।

ক্রিমটি ব্যবহার করা না গেলে ঐ জায়গায় অবশ করতে ক্রিমের পরিবর্তে একটি লোকাল অ্যানেস্থেটিক কোল্ড-স্প্রে ব্যবহার করা যেতে পারে।

## অপারেশন থিয়েটারে যাওয়া

বেশিরভাগ হাসপাতালই আপনার সন্তানকে অপারেশন থিয়েটারে পরার জন্য রঙিন গাউন দিয়ে থাকে। আপনার সন্তান হয়তো তার নিজের পোশাক বা পায়জামা নিজেই পরতে পারবে। প্রয়োজন অনুযায়ী তারা একটি ন্যাপি বা পুল-আপও পরতে পারবে। কী ধরণের আন্ডারওয়্যার পরা যেতে পারে সে বিষয়ে আপনার নার্স আপনাকে পরামর্শ দিবে।

আপনার সন্তান হেঁটে, বিছানায় শুয়ে, হুইলচেয়ারে বা হাসপাতালের ট্রলিতে অথবা কোলে কোরে অ্যানেস্থেটিক রুমে যেতে পারে। কিছু কিছু ইউনিট আরও মজাদার পরিবহণের সুবিধা দিয়ে থাকে। কিছু হাসপাতাল বৈদ্যুতিক গাড়িতে চড়ার প্রস্তাব দিতে পারে।

## অ্যানেস্থেটিক রুমে

একজন নার্স বা স্বাস্থ্যসেবাকর্মী, যেমন একজন প্লে-স্পেশালিস্ট আপনার এবং আপনার সন্তানের সাথে ওয়ার্ড থেকে অ্যানেস্থেটিক রুমে যাবেন। আপনার শিশু একটি খেলনা বা আরামদায়ক জিনিস নিতে পারবে। মোবাইল ফোন বা ট্যাবলেটে গেম খেলতে অথবা তাদের প্রিয় কোন শো দেখাতে দেওয়া, শিশুদের মনযোগ অন্যদিকে সরাতে বিশেষভাবে কার্যকর।

আপনি চাইলে আপনার সন্তানকে সান্তনা দিতে অ্যানেস্থেটিক দেওয়ার সময় তার সাথে থাকতে পারবেন। এখানে এটি সম্ভব না হওয়ার ক্ষেত্রে খুব কম পরিস্থিতি আছে।

আপনি যদি খুব বেশি উদ্বিগ্ন হয়ে থাকেন, তাহলে আপনার সন্তানকে অ্যানেস্থেটিক রুমে সঙ্গ না দিলেও চলবে। আপনার পরিবর্তে পরিবারের যে কোনো প্রাপ্তবয়স্ক সদস্য অথবা একজন ওয়ার্ড নার্স বা প্লে-থেরাপিস্ট যেতে পারবে। অনেক পরিচর্যাকারীরাই তাদের সন্তানকে অচেতন হয়ে পড়তে দেখলে খারাপ বোধ করেন – যদি আপনি আপনার সন্তানের সঙ্গে থাকেন তাহলে সামান্য আবেগপ্রবণ হওয়ার জন্য প্রস্তুত থাকুন।

আপনার সন্তান ট্রলিতে শুয়ে থাকা অবস্থায় অ্যানেস্থেটিক কাজ করা শুরু করতে পারে। ছোটো শিশুদেরকে আপনার কোলে থাকা অবস্থায় অ্যানেস্থেশিয়া দেওয়া যেতে পারে। এরপর হাসপাতালের কর্মচারীরা আপনার সাহায্য নিয়ে তাদেরকে ট্রলিতে তুলবে, যদি আপনি পারেন।

যদি অ্যানেস্থেটিক একটি ক্যানুলা ব্যবহার কোরে শুরু করা হয়, তাহলে আপনার সন্তান সাধারণত খুব তাড়াতাড়ি অচেতন এবং অবশ হয়ে পড়বে। কখনও কখনও এটি বাহুতে ঠান্ডা বা খোঁচা লাগার অনুভূতি দিতে পারে। অ্যানেস্থেটিস্ট এরপর অ্যানেস্থেটিক চালিয়ে যাওয়ার জন্য একটি মাস্ক দেবেন এবং নিরাপত্তার জন্য অতিরিক্ত অক্সিজেন প্রদান করবেন।

অ্যানেস্থেটিক যদি গ্যাস দেওয়ার মাধ্যমে শুরু হয় তাহলে অ্যানেস্থেটিস্ট সাধারণত একটি মাস্ক ব্যবহার করবেন, অথবা হাতটিকে কাপের মতো গোল করে আলতোভাবে আপনার সন্তানের নাক এবং মুখের ওপর রেখে তার মধ্যমে গ্যাস দেবেন। অ্যানেস্থেটিক গ্যাসের গন্ধ ফেল্ট-টিপ কলমের মতোই।

একবার আপনার সন্তানকে অ্যানেস্থেশিয়া দেওয়া হলে, অ্যানেস্থেটিস্ট একটি ক্যানুলা লাগিয়ে দিবেন যাতে তারা প্রয়োজনীয় বেদনা মুক্তির ওষুধ এবং অ্যানেস্থেটিক ওষুধ দিতে পারেন।

এই পদ্ধতিতে অ্যানেস্থেটিক কার্যকর হতে অল্প কিছুক্ষণ সময় নেয় (কয়েক সেকেন্ড থেকে কয়েক মিনিট পর্যন্ত)। এই সময়ের মধ্যে আপনার সন্তানের একটু অস্থির হয়ে যাওয়া বা শ্বাসক্রিয়ার শব্দ ভিন্ন হয়ে যাওয়া খুব স্বাভাবিক।

## এরপর কী হবে?

আপনার সন্তান ঘুমিয়ে যাওয়ার সাথে সাথে একজন কর্মচারী আপনাকে অপারেশন থিয়েটারের বাইরে নিয়ে যাবেন যাতে অ্যানেস্থেটিক টিম অপারেশনের কাজ সম্পন্ন করতে পারেন।

আপনি আপনার সন্তানের সাথে অপারেশন থিয়েটারে যেতে পারবেন না, তবে অ্যানেস্থেটিস্ট পুরো প্রক্রিয়া জুড়ে তাদের সাথে থাকবেন এবং আপনার সন্তানের রক্তচাপ, পালস, শ্বাসক্রিয়া এবং অক্সিজেনের মাত্রা গভীরভাবে পর্যবেক্ষণ করবেন, নিশ্চিত করার জন্য যে তারা নিরাপদ এবং সম্পূর্ণ অ্যানেস্থেটাইজড।

এখন আপনার কিছু খাওয়া এবং পান করতে যাওয়ার ভাল সময়, তবে কর্মীদের জানান যে আপনি যাচ্ছেন এবং তাদেরকে একটি মোবাইল নম্বর দিন যার মাধ্যমে আপনার সাথে যোগাযোগ করা যাবে।

# অপারেশনের পর

## রিকভারি রুমে

বেশিরভাগ শিশুই রিকভারি রুমে জেগে ওঠে। তার ক্যানুলাটি সুরক্ষিত রাখতে এবং এটা যাতে দেখা না যায় সেজন্য এর ওপর একটি ব্যান্ডেজ লাগানো থাকবে।

রিকভারি চলাকালীন, প্রত্যেকটি শিশুর যত্ন নিশ্চিত করার জন্য একজন বিশেষজ্ঞ নার্স অথবা উপযুক্ত যোগ্যতাসম্পন্ন কেউ থাকবেন যারা নিশ্চিত করবে যে আপনার সন্তান স্বস্তিতে আছে। প্রয়োজন হলে তারা অতিরিক্ত বেদনা মুক্তি অথবা রোগ- বিরোধী জাতীয় ওষুধ দিবেন। আপনার সন্তান জেগে উঠলে এবং স্বাচ্ছন্দ্য বোধ করা শুরু করলেই আপনাকে আপনার সন্তানের সাথে থাকার জন্য ডাকা হবে। অ্যানেস্থেটিস্ট কাছাকাছি থাকবেন এবং দরকার হলে সাহায্য করবেন।

## জেগে ওঠার সময় সমস্যা

কিছু শিশু জেগে ওঠার সময় বিভ্রান্ত থাকে এবং/অথবা সমস্যার কিছু লক্ষণ দেখায়। এটি প্রি-স্কুলে যাওয়া ছোট বয়সের শিশুদের মাঝে বেশি হয়ে থাকে।

কিছু কিছু বাচ্চা খুব বেশি উত্তেজিত হয়ে ওঠে, বিশেষ কোরে ছোট বাচ্চারা। তারা গড়াগড়ি দিয়ে কান্নাকাটি করতে পারে অথবা তাদের হাত-পা ছুড়তে পারে। এইরকম আচরণ 30 মিনিটের মতো, এবং ক্ষেত্রবিশেষে আরও কিছুক্ষণ স্থায়ী হতে পারে। রিকভারি রুমের কর্মচারীরা এই সময়টাতে আপনার সন্তানের যত্ন নেওয়ার ব্যাপারে দক্ষ। আরও বেদনা মুক্তির ওষুধ সাহায্য করবে কিনা তারা তা বিবেচনা করবেন। কীভাবে আপনার বাচ্চাকে স্বস্তি দেওয়া এবং আশ্বস্ত করা যায় সে বিষয়ে তারা আপনাকে পরামর্শ দিবেন।

কোনও শিশু যন্ত্রণায় জেগে উঠলে বা অস্বস্তিতে থাকলে তা স্বাভাবিকভাবেই বাবা-মায়ের জন্য উদ্বেগজনক। আপনার শিশু যদি অতীতে এই ধরণের সমস্যায় পড়ে থাকে তবে আপনার অ্যানেস্থেটিস্টকে জানান যাতে তাঁরা ভবিষ্যতে এ ধরণের সমস্যা এড়ানোর পদ্ধতিসমূহ আলোচনা করতে পারেন।

## বেদনা মুক্তি

আপনার শিশু যাতে সম্ভাব্য স্বস্তি নিয়ে জেগে উঠে তা নিশ্চিত করার জন্য অ্যানেস্থেটিকের সময় ব্যথানাশক ঔষধ এবং কখনও কখনও লোকাল অ্যানেস্থেটিক ইনজেকশন দেওয়া হয়। বেদনা মুক্তির ধরণটি পদ্ধতির উপর নির্ভর করবে।

অ্যানেস্থেটিস্ট, সার্জন এবং/ অথবা ওয়ার্ডের কর্মীরা আপনার সন্তানের জন্য সবচেয়ে ভালো বেদনা মুক্তির পদ্ধতি নিয়ে আপনার সাথে কথা বলবেন।

## বাড়ি যাওয়া

অপারেশন নিয়ে সার্জন এবং অ্যানেস্থেটিস্ট যদি নিরাপদ বোধ করেন এবং মনে করেন যে আপনার সন্তান সুস্থ হয়ে উঠছে, তাহলে অনেক ক্ষেত্রে অপারেশনের দিনই আপনার সন্তান বাড়ি ফিরে যেতে পারে।

বাসায় কীভাবে ব্যথানাশক ঔষধ দেওয়া যায় সে সম্পর্কে আপনাকে পরামর্শ দেওয়া হবে। এছাড়াও, আপনার সন্তান বাড়িতে সুস্থ হওয়ার সময়, শিশুদের (পেডিয়াট্রিক) প্যারাসিটামল এবং আইবুপ্রোফেন পর্যাপ্ত পরিমাণে প্রস্তুত রাখা সহায়ক হতে পারে। আপনার সন্তানের বেদনা মুক্তির জন্য আপনাকে যে পরামর্শ দেওয়া হয়েছে তা আপনাকে সতর্কতার সাথে মেনে চলতে হবে।

কিছু কিছু শিশু বাড়ি ফেরার পথে অসুস্থ বোধ করতে বা অসুস্থ হয়ে যেতে পারে। এর জন্য প্রস্তুত থাকা দরকারী!

অপারেশনের দিনই আপনার সন্তানকে বাড়ি নিয়ে গেলে বাড়িতে থাকা অবস্থায় কোনো উদ্বেগ দেখা দিলে যোগাযোগের জন্য আপনাকে একটি ফোন নম্বর দেওয়া হবে।

# আপনি যেসব প্রশ্ন করতে চাইতে পারেন

অ্যানেস্থেটিক নিয়ে আপনার কোনো প্রশ্ন থাকলে সেগুলো লিখে রাখুন (নিচের উদাহরণগুলো ব্যবহার করতে পারেন এবং আরও প্রশ্ন থাকলে নিচে দেওয়া জায়গায় যোগ করতে পারেন)। অপারেশনের আগের দিন আপনি যদি অ্যানেস্থেটিস্টের সাথে কথা বলতে চান তাহলে অপারেশনের পূর্বে মূল্যায়ন টিমের সাথে যোগাযোগ করুন, তারা অ্যানেস্থেটিস্টের সাথে আপনাকে ফোনে কথা বলিয়ে দেওয়া অথবা ক্লিনিকে দেখা করানোর ব্যবস্থা করতে পারে।

1 **আমার সন্তানের কি বিশেষ কোনো ঝুঁকি আছে?**

2 **অ্যানেস্থেটিক নিয়ে কখন আমার সন্তানের সাথে কথা বলা উচিত?**

3 **আমি কীভাবে আমার সন্তানের উদ্বেগ কমাতে পারি?**

4 **কখন আমর সন্তান আবার স্কুলে যেতে পারবে?**

5 …

6 …

7 …

## দায় বর্জন বিবৃতি

আমরা এই লিফলেটের তথ্য সঠিক ও হালনাগাদকৃত রাখার সর্বোতভাবে প্রচেষ্টা করি, কিন্তু তার নিশ্চয়তা দেওয়া সম্ভব নয়। আমরা প্রত্যাশা করি না যে এই সাধারণ তথ্যে আপনার সম্ভাব্য সমস্ত প্রশ্নের উত্তর দেওয়া হয়েছে অথবা আপনার জন্য গুরুত্বপূর্ণ সমস্ত বিষয় নিয়ে বিশদে আলোচনা করা হয়েছে। এই লিফলেটটিকে নির্দেশনা হিসেবে ব্যবহার করে, আপনার নিজস্ব পছন্দ-অপছন্দ এবং উদ্বেগ নিয়ে আপনার চিকিৎসা দলের সাথে আলোচনা করা উচিৎ। এই লিফলেটকে পৃথকভাবে চিকিৎসা পরামর্শ হিসেবে ব্যবহার করা উচিৎ নয়। এটি কোনও বাণিজ্যিক বা ব্যবসার উদ্দেশ্যে ব্যবহার করা যাবে না। সম্পূর্ণ দায় বর্জন বিবৃতি দেখতে এখানে (www.rcoa.ac.uk/patient-information/translations/bengali) ক্লিক করুন।

সমস্ত অনুবাদ ট্রান্সলেটর্স উইদাউট বর্ডার্সের (Translators without Borders) অনুবাদকগণ সরবরাহ করেছেন। অনুবাদগুলিকে যথাসম্ভব নির্ভুল করতে সেগুলির মান পরীক্ষা করা হয়েছে, তবে কিছু তথ্যের ভুল অর্থ এবং ভুল ব্যাখ্যার সম্ভাবনা রয়েছে।

# আমরা আপনার মতামত জানতে আগ্রহী

আপনার যদি কোনো সাধারণ মন্তব্য থাকে, তাহলে অনুগ্রহ করে এখানে ইমেইল করুন : patientinformation@rcoa.ac.uk

**Royal College of Anaesthetists**
Churchill House, 35 Red Lion Square, London WC1R 4SG
020 7092 1500

## www.rcoa.ac.uk

### সপ্তম সংস্করণ, অক্টোবর 2023

এই লিফলেটটি প্রকাশনার তারিখ থেকে তিন বছরের মধ্যে পর্যালোচনা করা হবে।

**© 2023 Royal College of Anaesthetists**
রোগীর তথ্য সংবলিত উপাদান প্রস্তুতের জন্য এই লিফলেটটি কপি করা যেতে পারে। অনুগ্রহ করে এই মূল উৎসটি উল্লেখ করুন। আপনি যদি এই লিফলেটটির অংশবিশেষ অন্য কোনো প্রকাশনার কাজে ব্যবহার করতে চান, তাহলে কৃতজ্ঞতা স্বীকার করতে হবে, এবং লোগো, ব্র্যান্ডিং, ছবি ও আইকনগুলো সরিয়ে নিতে হবে। আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের সাথে যোগাযোগ করুন।